গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০৪.১৮/২৪২ তারিখ ঃ ০১/০৬/২০২৩ খ্রিঃ।

বিষয় ঃ- বন্ড সুবিধায় আমদানিকৃত ১ টি পণ্য চালান পরবর্তী অর্থবছরের প্রাপ্যতা হতে সমন্বয় সাপেক্ষে খালাসের অনাপত্তি (NOC) প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ, এর ৩০/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।
উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত আবেদনের মাধ্যমে মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ, শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা, ঠিকানা ঃ- বাড়ী নং-১২, রোড নং-০৬, সেক্টর-০১, উত্তরা, ঢাকা- ১২৩০ (বন্ড লাইসেন্স নং-১৪৭০/কাস-এসবিডাব্লিউ/২০১৩, তারিখঃ ১৬.০১.২০১৩ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠান কর্তৃক গত ২৭/০৯/২০২২ খ্রিঃ তারিখে আমদানীকৃত পণ্য চালান (বি/ই নং- সি-১৬৩২৩১১) বন্ডের আওতায় খালাস করার জন্য অনাপত্তি পত্র প্রদানের জন্য অনুরোধ জানিয়েছে। পত্রে উল্লেখ করা হয়েছে যে, গত ১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড হতে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য প্রতিষ্ঠানটি বার্ষিক আমদানি প্রাপ্যতা ইস্যু করা হয় যার মধ্যে লিকার বাবদ-৩৫,০০০.০০ মাঃ ডলার নির্ধারন করা হয়েছে। আলোচ্য চালানের লিকারের ইনভয়েস মূল্য ২৮,৮৯৬.৮০ মাঃ ডঃ । তবে পন্য চালানটি শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারন) বিধিমালা, ২০০০ অনুযায়ী বর্ধিত মূল্য শুল্কায়ন করায় বর্তমান ইস্যুকৃত প্রাপ্যতা লিকার বাবদ ৩৫,০০০.০০ মাঃ ডঃ অতিক্রম করে। তাছাড়া দীর্ঘদিন যাবৎ মালামাল চট্রগ্রাম বন্দরে পরে থাকায় অতিরিক্ত গরমে মালামাল বিনষ্ট হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে উল্লেখপূর্বক প্রতিষ্ঠানটি উক্ত চালানটি বন্ডের আওতায় খালাস করার জন্য অনুরোধ জানিয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বন্দরে অপেক্ষমান নিম্নোক্ত পণ্যচালানটি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খালাসের বিষয়ে অনাপত্তি প্রদান করা হলো :

ক্রমিক নং	শুল্ক স্টেশন	বি/ই নং ও তারিখ	ইনভয়েস নং ও তারিখ	বি/এল নং ও তারিখ	পন্যের বিবরন	পন্যের পরিমান কেস	ইনভয়েস মূল্য মার্কিন ডলার
01.	Chittagong	C-1632311 Dt.27.09.22	SINV-2022-00894 Dt.29.05.22	OOCODXB220013700 Dt.29.05.2022	Whisky, Vodka, Taquila	1112 Ctns	28,896.80

শর্ত সমূহ :

ক। আরোপণীয় শুল্ক-করাদির দ্বিগুন পরিমাণ মূল্যের Duty Bond/Risk Bond যথাযথ নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে;
খ। আমদানিকৃত পণ্য যথাযথভাবে ভাবে বন্ড রেজিস্টারে ইন্টু বন্ড ও এক্স বন্ড করতে হবে;
গ। আলোচ্য ইনভয়েসসমূহ শুল্ক স্টেশন কর্তৃক ধার্যকৃত শুল্কায়ন মূল্যে পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরের আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন করা হবে।
ঘ। চলতি অর্থ বছরের অবশিষ্ট সময়ে প্রতিষ্ঠানটি নতুন আর কোন পণ্য চালান আমদানি করতে পারবে না।

নাজমুন নাহার
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক :

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লি ঃ ৪১১
গুলশান তেজগাঁও লিংক রোড, ঢাকা-১২০৮।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০৪.১৮/

তারিখ ঃ ০১/০৬/২০২৩ খ্রিঃ।

অনুলিপি:

০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩-৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
০৫। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৬-০৭। অফিস কপি/গার্ড কপি।

নাজমুন নাহার
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com